# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৭৮৪

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ মুসল্লী ব্যক্তির জন্য ফরয হলো সালাতের প্রত্যেক রাকাতে সূরা ফাতিহা পাঠ করা; এটা নয় যে, এক রাকাতে কিরা'আত পাঠ করলে, বাকী সব রাকাতে পাঠ করার জন্য যথেষ্ট হবে

## ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ فَرْضَ الْمَرْءِ فِي صَلَاتِهِ قِرَاءَةُ فَاتِحَةِ الْكِتَابِ فِي كُلِّ رَكْعَةٍ مِنْ صَلَاتِهِ لَا أَنَّ قِرَاءَتَهُ إِيَّاهَا فِي رَكْعَةٍ وَاحِدَةٍ تُجزِئُه عَنْ بَاقِي صَلَاتِهِ

আরবী

1784 ـ أَخْبَرَنَا جَعْفَرُ بْنُ أَحْمَدَ بْنِ سِنَانٍ الْقَطَّانُ بواسط قال: حدثنا أبي وبندار قالا: حَدَّثَنَا يَحْيَى الْقَطَّانُ عَنِ ابْنِ عَجْلَانَ عَنْ عَلِيِّ بْنِ يَحْيَى بْنِ خَلَّادٍ عَنْ أَبِيهِ عَنْ عَمِّهِ رِفَاعَةَ بْنِ رَافِعٍ وَأَخْبَرَنَا جَعْفَرٌ قَالَ: حَدَّثَنَا أَبِي قَالَ: حَدَّثَنَا يَزِيدُ بْنُ هَارُونَ: أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عَمْرٍو عَنْ عَلِيِّ بْنِ يَحْيَى بْنِ خَلَّادٍ الزُّرَقِيِّ أَحْسَبُهُ عَنْ أَبِيهِ عَنْ رِفَاعَةَ بْنِ رَافِعٍ الزُّرَقِيِّ وَكَانَ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: جَاءَ رَجُلٌ وَرَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي الْمَسْجِدِ فَصَلَّى قَرِيبًا مِنْهُ ثُمَّ انْصَرَفَ إِلَيْهِ فسلَّم عَلَيْهِ فَقَالَ لَهُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (أَعِدْ صَلَاتَكَ فَإِنَّكَ لَمْ تُصَلِّ) قَالَ: فَرَجَعَ فَصَلَّى نَحْوًا مِمَّا صَلَّى ثُمَّ انْصَرَفَ إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ لَهُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (أَعِدْ صَلَاتَكَ فَإِنَّكَ لَمْ تُصَلِّ) فَقَالَ: يَا رَسُولَ اللَّهِ كَيْفَ أَصْنَعُ؟ فَقَالَ: (إِذَا اسْتَقْبَلْتَ الْقِبْلَةَ فَكَبِّرْ ثُمَّ اقْرَأْ بِأُمِّ الْقُرْآنِ ثُمَّ اقْرَأْ بِمَا شِئْتَ فَإِذَا رَكَعْتَ فَاجْعَلْ رَاحَتَيْكَ عَلَى رُكْبَتَيْكَ وَامْدُدْ ظَهْرَكَ فَإِذَا رَفَعْتَ رَأْسَكَ فَأَقِمْ صُلْبَكَ حَتَّى تَرْجِعَ الْعِظَامُ إِلَى مَفَاصِلِهَا فَإِذَا سَجَدْتَ فَمَكِّنْ سُجُودَكَ فَإِذَا رَفَعْتَ رَأْسَكَ فَاجْلِسْ عَلَى فَخِذِكَ الْيُسْرَى ثُمَّ اصْنَعْ ذَلِكَ فِي كُلِّ رَكْعَةٍ)

قَالَ جَعْفَرٌ: لَفْظُ الْخَبَرِ لِمُحَمَّدِ بن عمرو.

الراوي : رِفَاعَةَ بْنِ رَافِعٍ الزُّرَقِيِّ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1784 | خلاصة حكم المحدث: حسن صحيح - ((الإرواء)) (1/ 321 - 322)، ((صحيح أبي داود)) (747).

## বাংলা

১৭৮৪. আবূ হুরাইরাহ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “এক ব্যক্তি মসজিদে প্রবেশ করল এমন অবস্থায় যে, তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মসজিদে ছিলেন। অতঃপর সে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কাছে সালাত আদায় করে তাঁর কাছে এসে তাঁকে সালাম দিলেন, তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে বললেন, “তুমি পুনরায় সালাত আদায় কর। কেননা তুমি সালাত আদায় করনি। ” রাবী বলেন, “অতঃপর  তিনি ফিরে যান এবং প্রায় আগের মতোই সালাত আদায় করেন, তারপর তাঁর কাছে এসে আবার সালাম করেন। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে বললেন, “তুমি পুনরায় সালাত আদায় কর। কারণ তুমি সালাত আদায় করনি।”

অতঃপর সে ব্যক্তি বললেন, ‘হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম, আমি কিভাবে সালাত আদায় করবো? (অনুগ্রহ করে আপনি আমাকে সালাত শিখিয়ে দিন।)

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, “যখন তুমি কিবলামুখী হয়ে দাঁড়াবে, তখন তুমি তাকবীর বলবে। তারপর তুমি উম্মুল কুরআন বা সূরা ফাতিহা পড়বে। তারপর তোমার যা পড়তে ইচ্ছা হয়, তা-ই পড়বে। অতঃপর যখন তুমি রুকূ‘ করবে, তখন তোমার দুই হাতের তালূ তোমার দুই হাটুর উপর রাখবে, তোমার পিঠকে সম্প্রসারিত রাখবে। তারপর যখন মাথা তুলবে, তখন তোমার পৃষ্ঠদেশকে সোজা করবে, যাতে প্রত্যেকটি হাড় স্বস্থানে ফিরে যায়।যখন তুমি সাজদা করবে, তখন মজবূতভাবে সাজদা করবে। অতঃপর যখন তুমি সাজদা থেকে মাথা তুলে তখন তুমি বাম উরুর উপর বসবে। তারপর প্রতিটি রাকা‘আতে ঠিক এভাবেই যাবতীয় কাজ সম্পন্ন করবে।”[1]

জা‘ফার রহিমাহুল্লাহ বলেন, “হাদীসের শব্দগুলো মুহাম্মাদ বিন আমর রহিমাহুল্লাহর।”

## ফুটনোট

[1] মুসান্নাফ আব্দুর রাযযাক: ৩৭৩৯; মুসনাদ আহমাদ: ৪/৩৪০; আবূ দাঊদ: ৮৫৭; তিরমিযী: ৩০২; নাসাঈ: ২/১৯৩; ইবনুল জারূদ, আল মুনতাকা: ১৯৪; তাহাবী, শারহু মা‘আনিল আসার: ১/২৩২; মুশকিলুল আসার: ৪/৩৮৬; তাবারানী: ৪৫২১; সুনান বাইহাকী: ২/১৩৩; সহীহ ইবনু খুযাইমাহ: ৫৪৫; হাকিম: ১/২৪১।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ শক্তিশালী বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান-সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ৭৪৭)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91000

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন